

বেড়া উপজেলায় ২০১৭-১৮ অর্থ বছরে এলজিএসপি-৩ এর আওতায় বিজিসিসি কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : আসিফ আনাম সিদ্দিকী
 উপজেলা নির্বাহী অফিসার
 বেড়া, পাবনা।
 স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ।
 তারিখ ও সময় : ২৮-০৮-২০১৮ খ্রিঃ, সকাল ১১-০০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

উপজেলা নির্বাহী অফিসার বেড়া, পাবনা এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। সভায় উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা ও ডিস্ট্রিক ফ্যাসিলিটর, পাবনা উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে ডি.এফ. সাহেব সভা পরিচালনা করেন। সকল ইউ.পি চেয়ারম্যানগণকে এলজিএসপি-৩ এর বরাদ্দ সম্পর্কে আলোচনা করার জন্য আহবান জানান। চেয়ারম্যানগণ সভায় জানান এলজিএসপি-৩ এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে বিবিজি ও পিবিজি বরাদ্দ প্রতিটি ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট হিসাবে জমা হয়েছে। চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নে ওয়ার্ড সভা করে প্রকল্প তালিকা প্রস্তুত করেছেন। প্রকল্পগুলি চেয়ারম্যানগণ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। ডি.এফ. সাহেব উপস্থিত সকল ইউ.পি চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত প্রকল্প সমূহ পর্যায়ক্রমে সভায় আলোচনা করেন। বিজিসিসি কমিটির সভায় যাচাই/বাছাই অন্তে জনগুরুত্ব বিবেচনা করে উপস্থাপিত প্রকল্প সমূহ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সরকারের সর্বশেষ নীতিমালার আলোকে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

শর্ত সমূহঃ

১. বেঞ্চ সরবরাহ করার ক্ষেত্রে জোড়া বেঞ্চ (উচু-নীচু) সরবরাহ করতে হবে। বেঞ্চের উপর অর্থবছর সহ এলজিএসপি-৩ এর সিল মারতে হবে।
২. ফ্যান বিতরণের পূর্বে তালিকা সংগ্রহ/প্রনয়ন করতঃ বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৩. প্রকল্প বাস্তবায়নের পূর্বে প্রকল্পের ছবি তুলে রাখতে হবে এবং প্রকল্প বাস্তবায়নের পর ছবি তুলতে হবে।
৪. প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের সকল নিয়ম নিতি অনুসরণ করতে হবে।

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ কর্তৃক উপস্থাপিত প্রকল্পের তালিকা নিম্নরূপঃ

হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের স্কীম সমূহের বিবরণঃ (অর্থ বছর : ২০১৭-২০১৮)

ক্রমিক নং	স্কিমের নাম	স্কিমের ধরণ	ওয়ার্ড নং	বরাদ্দকৃত টাকা	মন্তব্য
১.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের হাটুরিয়া মোতালেব মোল্লার বাড়ী সংলগ্ন পুকুরে ও হাটুরিয়া রেজাউলের বাড়ী সংলগ্ন পুকুরে গোসলের ঘাট নির্মাণ।	ভৌত অবকাঠামো/অন্যান্য	০২,০৩	৪৫০০০০/-	
২.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের নাকালিয়া জে.এম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গেট নির্মাণ।	শিক্ষা	০৪	৩০০০০০/-	
৩.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের নাকালিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পশ্চিম পার্শ্ব বাউন্ডারী ওয়াল নির্মাণ।	শিক্ষা	০৪	৩০০০০০/-	
৪.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের নাকালিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গেট নির্মাণ।	শিক্ষা	০৪	৩০০০০০/-	
৫.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের চর পাইখন্দ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্য সম্মত জোড়া পাকা ল্যাট্রিন ও প্রসাবখানা নির্মাণ	পয়ঃ নিষ্কাশন	০৯	২৫০০০০/-	
৬.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের চর সাড়াশিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্য সম্মত জোড়া পাকা ল্যাট্রিন ও প্রসাবখানা নির্মাণ	পয়ঃ নিষ্কাশন	০৯	২৫০০০০/-	
৭.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের চর নাগদহ যমুনা বাজারে স্বাস্থ্য সম্মত পাকা ল্যাট্রিন ও প্রসাবখানা নির্মাণ	পয়ঃ নিষ্কাশন	০৯	১৫০০০০/-	
৮.	হাটুরিয়া নাকালিয়া ইউনিয়নের চর নাগদহ সংলগ্ন ইউ ড্রেন নির্মাণ	যোগাযোগ	০৯	৩১৪৮৫৫/-	
			মোট=	২৩,১৪,৮৫৫/-	

(তেইশ লক্ষ চৌদ হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র)